

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/22/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে রাজ্য পুলিশ এবং স্থানীয় আইন বলবতকারী এই মেমোরিয়াল ডে সপ্তাহান্তে অসংলগ্ন এবং বেপরোয়া গাড়ি চালানোর কঠোরভাবে মোকাবিলা করবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্থানীয় আইন বলবতকারীরা মেমোরিয়াল ডে সপ্তাহান্তে মাতাল, অসংলগ্ন এবং বেপরোয়া গাড়ি চালানোর বিরুদ্ধে টহলদারী বৃদ্ধি করবে। STOP-DWI বলবতকরণের মেয়াদ শুক্রবার, 24 মে শুরু হবে এবং সোমবার, 27 এ মে অবধি চলবে। মেমোরিয়াল ডে বছরের সব চেয়ে ব্যস্ততম ভ্রমণের ছুটির মধ্যে একটি এবং পুলিশ পূর্ণ শক্তিতে আমাদের হাইওয়ে থেকে অসংলগ্ন এবং বেপরোয়া গাড়ির চালকদের অপসারণ করার জন্য কাজ করবে।

"মেমোরিয়াল ডে উইকেন্ড গ্রীষ্মকালীন ভ্রমণের মৌসুমের শুরুকে চিহ্নিত করে, যার অর্থ আরো ট্রাফিক এবং হাইওয়েতে বিপজ্জনক গাড়ি চালানোর সম্ভাবনা", **গভর্নর কুওমো বলেন।** "রাজ্য পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারীরা এই সপ্তাহান্তে অসংলগ্ন এবং বেপরোয়া গাড়ি চালানোর কঠোর মোকাবিলা করার জন্য তাদের প্রচেষ্টা বাড়িয়ে তুলছে যখন, আমি সকল গাড়ির চালককে দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর জন্য অনুরোধ করছি, এবং আপনি যদি পান করে থাকেন তাহলে চালকের আসনে বসবেন না এবং সুস্থ অবস্থায় বাড়ি ফেরার জন্য আগে থেকে পরিকল্পনা করুন।"

স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "আমাদের কাউন্টির প্রতি কর্তব্য করার সময় যারা মারা গেছেন তাদের সম্মান করার জন্য আমরা এই মেমোরিয়াল ডে সপ্তাহান্তে সময় নিচ্ছি, আমরা সকল গাড়ি চালকদের উৎসাহ দিচ্ছি নিরাপত্তাকে তাদের প্রথম অগ্রাধিকার দিতে। সুস্থ অবস্থায় গাড়ি চালান, আপনার স্মার্টফোনটি রেখে দিন এবং রাস্তার পাশে জরুরি যানবাহন বা হাইওয়ে শ্রমিকদের দেখলে গতি ধীর করুন এবং রাস্তার পাশে সরে যান। আপনার ছুটির পরিকল্পনায় যদি মদ অন্তর্ভুক্ত থাকে, তাহলে নিরাপদে বাড়ি ফেরার জন্য ব্যবস্থা করুন। এই সপ্তাহান্তে স্টেট ট্রুপাররা অত্যন্ত দৃশ্যমান থাকবেন, এবং অসংলগ্ন, বেপরোয়া এবং অমনোযোগী চালকদের প্রতি তারা শূন্য সহনশীলতা প্রদর্শন করবেন।"

চালকরা এই ছুটির সপ্তাহান্তে রাজ্য পুলিশ এবং স্থানীয় আইন বলবতকারী সংস্থাগুলির দ্বারা মত্ততা পরীক্ষা করার চেকপয়েন্ট এবং বর্ধিত টহলদারী দেখতে পাবেন বলে আশা করতে পারেন। আইন লঙ্ঘনকারী গাড়ি চালকদের আরও সহজে চিহ্নিত করার জন্য এই জরুরি অবস্থার অংশ হিসাবে ট্রুপাররা চিহ্নিত রাজ্য পুলিশের যানবাহন এবং গোপন পরিচয়ধারী ট্রাফিক বলবতকারী (Concealed Identity Traffic Enforcement, CITE) যান, উভয়ই ব্যবহার করবেন। CITE

যানগুলি ট্রুপারকে গাড়ি চালানোর লক্ষণগুলি ভালোভাবে লক্ষ্য করতে দেয়। এই যানগুলি স্বাভাবিক ট্র্যাফিকের সাথে মিশে যেতে পারে, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

2018 সালের মেমোরিয়াল ডে সপ্তাহান্তে, ট্রুপাররা পান করে গাড়ি চালানোর অপরাধে 237 জনকে গ্রেফতার করেছিল, 13,318 মোট টিকিট জারি করেছিল এবং 154টি ব্যক্তিগত আঘাত ক্র্যাশ অনুসন্ধান করেছিল, যার ফলে আটটি মৃত্যু ঘটেছিল। নিউ ইয়র্ক স্টেট পুলিশ ছাড়াও, রাজ্য জুড়ে অগণিত কাউন্টি এবং এজেন্সি গত বছরের মেমোরিয়াল ডে ক্র্যাকডাউনে অংশগ্রহণ করেছিল।

অ্যালবানি বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট ফর ট্রাফিক সেফটি ম্যানেজমেন্ট অ্যান্ড রিসার্চ (Institute for Traffic Safety Management and Research, ITSMR) অনুযায়ী, 2017 সালে নিউ ইয়র্ক স্টেটের মত ড্রাইভিংয়ে 252 জন নিহত এবং 5,647 জন আহত হয়। মাদক সম্পর্কিত ক্র্যাশে আরো 205 জন নিহত হয়েছে।

"সবার উপরে এই মেমোরিয়াল ডেতে আমরা সেই সাহসী পুরুষ ও মহিলাদের কৃতজ্ঞতা জানাতে দেশের সাথে একত্রিত হয়েছি যারা তাদের জীবন দান করেছেন আমাদের অধিকার এবং স্বাধীনতা রক্ষা করার জন্য", **মোটর ভেহিক্স বিভাগের (Department of Motor Vehicles) ভারপ্রাপ্ত কমিশনার ও গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) ভারপ্রাপ্ত চেয়ারম্যান, মার্ক জে.এফ. প্রোডার বলেন।** "এই সপ্তাহান্তে বিশ্ব স্মৃতিচারণার জন্য অনেক বিরতি নেবেন, আরো অনেকে রাস্তায় নামবেন ব্যস্ত ভ্রমণের ঋতু শুরু হওয়ার সাথে সাথে। আমরা চাই নিউ ইয়র্কবাসীরা নিরাপদে তাদের গন্তব্যগুলিতে পৌঁছান, তাই আমরা গাড়ির চালকদের বলছি তাদের গাড়িগুলি ভ্রমণের জন্য প্রস্তুত তা নিশ্চিত করতে এবং নিরাপদে গাড়ি চালানোর কথা মনে রাখতে। পান করে গাড়ি চালাবেন না এবং ফোনটি নীচে রাখুন বিভ্রান্তি এড়াতে। আপনার যদি বাস্কা থাকে, তাহলে নিশ্চিত করুন যে তারা তাদের মাপের জন্য সঠিক আসনে সঠিক এবং সুরক্ষিত অবস্থায় বসেছে। সতর্ক থাকার কথা মনে রাখুন এবং সাইকেল চালক, মোটরসাইকেল চালক এবং পথচারীদের সাথে রাস্তা ভাগ করুন। আপনার ভ্রমণ আপনাকে যেখানে নিয়ে যাক, নিরাপদ থাকুন এবং পথে নিউ ইয়র্কের অবিশ্বাস্য দৃশ্যাবলী উপভোগ করুন।"

গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি (GTSC) এই উদ্যোগের আংশিক অর্থায়ন করেছে। GTSC এবং নিউ ইয়র্ক স্টেট STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation) মোটর চালকদের মনে করিয়ে দেয় যে অ্যাপল, ড্রয়েড এবং উইন্ডোজ স্মার্টফোনের জন্য তাদের ["একটি প্ল্যান আছে" মোবাইল অ্যাপ](#) পাওয়া যায়। অ্যাপটি নিউ ইয়র্কবাসীদের একটি ট্যাক্সি পরিষেবা ডাকতে এবং একটি মনোনীত চালকের তালিকা সক্রিয় করতে দেয়। এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কে তথ্য প্রদান করে, এবং একটি সন্দেহভাজন অসংলগ্ন চালক সম্পর্কে রিপোর্ট করার একটি উপায় প্রদান করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)